# সেবা তথ্য
## (কোথায় গেলে কি সেবা পাবেন)




প্রকাশনা : বাংলাদেশ ডিজাস্টার প্রিপেয়ার্ডনেস সেন্টার

সহযোগিতা : মানুষের জন্য ফাউন্ডেশন

BDPC

মানুষের জন্য
manusher jonno

**সংকলন ও সম্পাদনা**
মোঃ জাকির হোসেন (আকাশ)

**সম্পাদনা সহযোগিতা**
কাজী আশফাক
জুন্নুন আহমেদ
কামরুজ্জামান রিপন

**বিশেষ কৃতজ্ঞতা স্বীকার**
আরিফ হোসেন খান, মানুষের জন্য ফাউন্ডেশন

**অলংকরণ**
কৃষ্ণা চট্টোপাধ্যায়
কিংকর

**লেআউট ও গ্রাফিক্স ডিজাইন**
মানিক সরকার

**মুদ্রণে**
স্মৃতি প্রিন্টিং এন্ড ট্রেডিং

**প্রকাশ কাল**
মার্চ ২০১১

**প্রকাশনা**
বাংলাদেশ ডিজাস্টার প্রিপেয়ার্ডনেস সেন্টার

**সহযোগিতা**
মানুষের জন্য ফাউন্ডেশন

# সেবা তথ্য
## (কোথায় গেলে কি সেবা পাবেন)

উন্নয়ন ও প্রকাশনা
বাংলাদেশ ডিজাস্টার প্রিপেয়ার্ডনেস সেন্টার (বিডিপিসি)

সহযোগিতা
মানুষের জন্য ফাউন্ডেশন

# সূচীপত্র


| | |
|---|---|
| ভূমিকা | ২ |
| উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কার্যালয় | ৩ |
| উপজেলা পরিবার পরিকল্পনা অফিস | ৫ |
| উপজেলা মৎস্য দপ্তর | ৭ |
| উপজেলা প্রাণি সম্পদ দপ্তর | ৯ |
| উপজেলা কৃষি অফিস | ১১ |
| উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ বিভাগ | ১৩ |
| উপজেলা প্রাথমিক শিক্ষা অফিস | ১৪ |
| উপজেলা সমাজ সেবা কার্যালয় | ১৫ |
| উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর | ১৭ |
| উপজেলা যুব উন্নয়ন অধিদপ্তর | ১৯ |
| স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ | ২০ |
| জনস্বাস্থ্য ও প্রকৌশল উপবিভাগ | ২১ |
| উপজেলা পল্লী উন্নয়ন | ২২ |
| উপজেলা ভূমি অফিস | ২৩ |
| উপজেলা বনায়ন কেন্দ্র | ২৫ |
| উপজেলা সমবায় সমিতি | ২৭ |
| ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স | ২৮ |
| জেলা/উপজেলা তথ্য দপ্তর | ২৯ |
| উপজেলা নির্বাচন শাখা | ৩১ |
| ইউনিয়ন পরিষদ | ৩২ |
| একনজরে সেবা তথ্যসমূহ | ৩৬ |

# ভূমিকা

ভৌগোলিক অবস্থানগত কারণে বাংলাদেশ পৃথিবীর অন্যতম প্রাকৃতিক দুর্যোগ প্রবণ দেশ। প্রায় প্রতি বছরই বাংলাদেশে বন্যা, খরা, ঘূর্ণিঝড়, নদী ভাঙ্গনের মতো কোন না কোন দুর্যোগ আঘাত হানছে। আর এ সকল দুর্যোগ মানুষের জীবন, জীবিকায়ন, পরিবেশের ব্যাপক ক্ষয়ক্ষতি সৃষ্টি করছে। যার প্রভাব আমাদের অর্থনীতির উপরও পড়ছে। দুর্বল আর্থসামাজিক অবস্থা, সম্পদ ও সেবায় সাধারণ জনগোষ্ঠীর সীমিত প্রবেশাধিকার, যথাযথ দুর্যোগ প্রস্তুতি না থাকা ইত্যাদি দেশের জনগোষ্ঠীকে করে তুলেছে প্রাকৃতিক দুর্যোগে বিপদাপন্ন।

সাম্প্রতিক সময়ে জলবায়ু পরিবর্তনের কারণে প্রাকৃতিক দুর্যোগের সংখ্যা ও তীব্রতা আগের চেয়ে বেড়েছে। নিয়মিত এসব দুর্যোগে ধনী পরিণত হচ্ছে দরিদ্রে আর দরিদ্র পরিণত হচ্ছে হত দরিদ্রে। দুর্যোগকে আমরা হয়তো রোধ করতে পারবো না কিন্তু যেটা পারবো সেটা হলো নিয়মিত প্রস্তুতি গ্রহণ করে টেকসই জীবিকায়নের মাধ্যমে অর্থনৈতিক অবস্থার উন্নতি ঘটিয়ে ক্ষয়ক্ষতির পরিমাণ কমিয়ে ফেলতে। আর তা করতে গেলে অবশ্যই আমাদের সঠিক তথ্য জেনে সেবা গ্রহণের মাধ্যমে বিভিন্ন ক্ষেত্রে দুর্যোগের সম্ভাব্য ক্ষয়ক্ষতির পরিমাণ কমিয়ে ফেলতে হবে।

এক্ষেত্রে সমস্যা হচ্ছে আমরা জানিনা কোথায় গেলে কি সেবা পাওয়া যাবে। বিশেষ করে সরকারী সেবাদানকারী প্রতিষ্ঠানগুলোর সেবা সম্পর্কে। অথচ তারাই সবচেয়ে সঠিক ও টেকসই সেবাদান করতে পারেন। আমরা মনে করি সেবাদানকারী প্রতিষ্ঠান ও সেবাগ্রহণকারীর মধ্যে বিরাজমান আস্থার সম্পর্ককে আরও বেগবান করতে পারলে টেকসই উন্নয়নের মাধ্যমে প্রকৃত দুর্যোগ ঝুঁকিহ্রাস সম্ভব।

তাই উপজেলা পর্যায়ের সেবাদানকারী সংস্থাসমূহ ও তাদের সেবা সম্পর্কে অবগত করার লক্ষ্য নিয়েই এই বুকলেটটি প্রণয়ন করা হয়েছে। এটি পাঠ ও তা বাস্তবায়নের মাধ্যমে সুফলতা পেলেই এটি প্রকাশের সার্থকতা খুজে পাওয়া যাবে।

মোঃ জাকির হোসেন

## বিভাগের নামঃ উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কার্যালয়

কার্যক্রমঃ

- অত্যাবশ্যকীয় সেবা প্যাকেজ সরবরাহ;
- ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র/ইউনিয়ন সাব সেন্টার, কমিউনিটি ক্লিনিক পর্যায়ে অত্যাবশ্যকীয় সেবা প্যাকেজ'সহ অন্যান্য সেবাদান কার্যক্রমের পর্যালোচনা, পর্যানুসরণ, পরিবীক্ষণ ও মূল্যায়ন;
- আওতাধীন এলাকায় অবস্থিত বেসরকারী ক্লিনিক, হাসপাতাল, প্যাথলজিক্যাল ল্যবরেটরী কার্যক্রমের সার্বিক তত্ত্বাবধান;
- প্রচলিত সরকারি বিধি অনুসারে নির্ভেজাল খাদ্য অধ্যাদেশ, লবণ অধ্যাদেশ, মাতৃদুগ্ধ সম্পর্কিত অধ্যাদেশ, ড্রাগস এ্যাক্ট ও পুষ্টিসহ স্বাস্থ্য ও জনসংখ্যা সম্পর্কিত আইন প্রয়োগে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ;
- বিশেষ দিবস পালন;
- সমাজের প্রতিবন্ধীসহ সুবিধাবঞ্চিত জনগোষ্ঠীর স্বাস্থ্যসেবা নিশ্চিতকরণ;
- আন্তঃবিভাগ, বহিঃবিভাগ ও জরুরী বিভাগের মাধ্যমে যথাযথ চিকিৎসা ও সেবা প্রদান;
- নিরাপদ ও মানসম্মত বর্জ্য ব্যবস্থাপনা;
- উপজেলা ও তদনিম্ন পর্যায়ে স্বাস্থ্য (হাসপাতাল/ক্লিনিক সেবাসহ) সেবার যথাযথ মান নিশ্চিতকরণ ও সার্বিক তত্ত্বাবধান;
- আপদকালীন সময়ে ও জরুরী পরিস্থিতি মোকাবেলায় প্রয়োজনীয় সমন্বয় সাধন ও সার্বিক তত্ত্বাবধান;
- জন্ম, মৃত্যু ও বিবাহ সম্পর্কিত তথ্য সংগ্রহ ও সংকলন;

- ভিটামিন 'এ' ক্যাপসুল বিতরণ;
- নবজাতক ও পাঁচ বছরের কম বয়সীদের বিনামুল্যে সেবা প্রদান;
- ই.পি.আই (টিকাদান) সেবা প্রদান;
- প্রজননতন্ত্র ও যৌনবাহিত রোগের সেবা;
- এম.আর সার্ভিস প্রদান;
- আর্সেনিকোসিস রোগ নির্নয় ও চিকিৎসা সেবা প্রদান ।



**দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাবৃন্দঃ**

- উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা
- জুনিয়র কনসালটেন্ট (এনেসথেটিষ্ট)
- এম.ও / সহকারী সার্জন

**এই বিভাগটি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (স্বাস্থ্য অধিদপ্তর) এর অধীন**

# বিভাগের নামঃ উপজেলা পরিবার পরিকল্পনা অফিস

কার্যক্রমঃ

- মা ও শিশু স্বাস্থ্য, পরিবার পরিকল্পনা ও পুষ্টি সেবা প্রদান ও সমন্বয় সাধন;
- মাঠ পর্যায়ে পরিবার পরিকল্পনা, মা ও শিশু স্বাস্থ্য এবং অন্যান্য সাধারণ রোগ বিষয়ক তথ্য ও উপাত্ত সংগ্রহ ও যাচাই;
- এলাকায় বৃক্ষরোপণ, নিরক্ষরতা দুরীকরণ, হাঁস-মুরগী ও ছাগল পালন, বাল্যবিবাহ রোধকল্পে আইইসি কর্মসূচী প্রণয়ন ও বাস্তবায়ন;
- এলাকায় নানাবিধ সংক্রামক ব্যাধি সম্পর্কিত শিক্ষা প্রদান;
- মাঠ পর্যায়ে তথ্য সংরক্ষণ, তথ্য সরবরাহ ও তার ব্যবহার নিশ্চিতকরণ;
- ঝুঁকিপূর্ণ গর্ভবতী মায়েদের চিহ্নিতকরণ, পরীক্ষা, সেবাদান, রেফারেল এবং ফলোআপ কর্মসূচী নিশ্চিতকরণ;
- কর্মসূচী অনুযায়ী কমিউনিটি ক্লিনিক ও স্যাটেলাইট ক্লিনিক সংগঠন ও বাস্তবায়ন;
- স্থায়ী পদ্ধতি, আইইইউডি ও ইনজেকশন গ্রহণকারীদের সঠিক পরামর্শ প্রদান এবং সেবাদান;
- এমআর সার্ভিসের গুনগতমান নিশ্চিতকরণ;
- বিনামুল্যে খাবার বড়ি, জন্মনিরোধক ইনজেকশন সরবরাহ;
- আইইউডি/কপারটি, ইমপ্লান, এনএসডি, টিউবেকটমি ইত্যাদি সার্ভিস প্রদান;
- পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহণ/ব্যবহার জনিত পার্শ্বপ্রতিক্রিয়া ও জটিলতার সেবা প্রদান;
- ইসিপি, কনডম বিক্রয়;

- কৈশোর প্রজনন (বয়ঃসন্ধিকালীন) স্বাস্থ্য সেবা প্রদান;
- ইসিডি (Early Child and Development) সেবা প্রদান ।



**দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাবৃন্দ:**

- উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা
- মেডিক্যাল অফিসার
- সহকারী উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা
- সিনিয়র পরিবার কল্যান পরিদর্শিকা

**এই বিভাগটি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (পরিবার পরিকল্পনা অধিদপ্তর) এর অধীন**

## বিভাগের নামঃ উপজেলা মৎস্য দপ্তর

কার্যক্রমঃ

- মৎস্য ও চিংড়ি চাষী এবং উদ্যোক্তাদের উন্নত প্রযুক্তিভিত্তিক মাছ ও চিংড়ি চাষের পরামর্শ ও প্রশিক্ষণ প্রদান;
- মুক্ত জলাশয়ের মৎস্য সম্পদ উন্নয়নের লক্ষ্যে সমাজভিত্তিক মৎস্য ব্যবস্থাপনা কার্যক্রম পরিচালনা এবং মৎস্য সংরক্ষণ আইন বাস্তবায়ন;
- মৎস্য ও চিংড়ি চাষ উন্নয়নের লক্ষ্যে প্রকল্পের কারিগরি উপযোগিতা যাচাই ও প্রকল্প প্রস্তাব প্রণয়নে সহায়তা প্রদানের মাধ্যমে উদ্যোক্তা ও মৎস্য চাষীকে ঋণ প্রাপ্তিতে সহায়তা প্রদান;
- উন্নতজাতের পোনাসহ মাছ ও চিংড়ি চাষের বিভিন্ন উৎপাদন উপকরণ সংগ্রহ ও সরবরাহে সহযোগিতা প্রদান;
- উপজেলাধীন মৎস্য সম্পদের তথ্য ও উপাত্ত সংগ্রহ এবং উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ করা;
- মৎস্য অধিদপ্তর কর্তৃক পরিচালিত উন্নয়ন প্রকল্পের অধীনে গৃহীত কার্যক্রম বাস্তবায়ন;
- মৎস্য মান নিয়ন্ত্রণ ব্যবস্থা কার্যকর করার লক্ষ্যে মাছ ও চিংড়ি চাষে অননুমোদিত দ্রব্যের ব্যবহার বন্ধে চাষীদের উদ্বুদ্ধকরণ এবং সংক্রমণের উৎস সনাক্তকরণ ও হ্যাসাপ কার্যক্রম বাস্তবায়ন;
- আহরণ-উত্তর মাছ ও চিংড়ি অবতরণ কেন্দ্র / ডিপো পরিদর্শন এবং সেগুলোর পরিস্কার পরিচ্ছন্নতা রক্ষায় উদ্বুদ্ধকরণ;
- জনগণকে উন্নত প্রযুক্তি ব্যবহারে মাছ চাষে উদ্বুদ্ধ করার নিমিত্তে নতুন প্রযুক্তি হাতে-কলমে প্রদর্শনের লক্ষ্যে উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের সাহায্যে প্রদর্শনী মৎস্য খামার স্থাপন;
- মৎস্য ও চিংড়ি চাষ এবং ব্যবস্থাপনা বিষয়ে বিভিন্ন সম্প্রসারণ সামগ্রী চাষী / মৎস্যজীবীদের মধ্যে বিতরণ;
- মৎস্য উৎপাদন বৃদ্ধির কার্যকর ব্যবস্থা /পরিকল্পনা গ্রহণের মাধ্যমে জনগণকে পুষ্টি যোগানে সহায়তা প্রদান;
- মৎস্য চাষ সম্প্রসারণ কার্যক্রম সম্পর্কিত সেবা প্রদান;
- পুকুর দীঘি ও অন্যান্য জলাশয়ে বিজ্ঞানভিত্তিক মৎস্য চাষ সম্পাদনের ব্যবস্থা গ্রহণ;

- মৎস্য চাষ বিষয়ক বিষয়ভিত্তিক প্রশিক্ষণ/মত বিনিময় সভা আয়োজনের মাধ্যমে সম্প্রসারণ সেবা প্রদান;
- অফিসে আগত মৎস্যচাষীদের মৎস্য চাষ বিষয়ক পরামর্শ সেব প্রদান;
- মৎস্য চাষ সম্প্রসারণের লক্ষ্যে ব্যক্তি/ প্রতিষ্ঠানকে মৎস্য ঋণ প্রাপ্তিতে সহায়তা সেবা প্রদান;
- মৎস্য চাষের আধুনিক উপকরণ ও যন্ত্রপাতি সংগ্রহে সংশ্লিষ্ট জনগণকে সহায়তা সেবা প্রদান;
- বাণিজ্যিক ভিত্তিতে জনগণকে মাছ চাষে উদ্বুদ্ধকরণ ও কারিগরী সহায়তা সেবা প্রদান;
- দেশী প্রজাতির মৎস্য সংরক্ষণ ও সম্প্রসারণে সহায়তা সেবা প্রদান;
- মাছ ও চিংড়ি অবতরনকেন্দ্র / ডিপো পরিদর্শন এবং সেগুলোর পরিস্কার পরিচ্ছন্নতা রক্ষায় পরামর্শ সেবা প্রদান ।



**দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাবৃন্দ:**

- উপজেলা মৎস্য কর্মকর্তা

**এই বিভাগটি মৎস্য ও প্রাণীসম্পদ মন্ত্রণালয় এর অধীন**

## বিভাগের নামঃ উপজেলা প্রাণি সম্পদ দপ্তর

কার্যক্রমঃ

- অসুস্থ গবাদি পশু ও হাঁস-মুরগির চিকিৎসা ও ব্যবস্থাপত্র প্রদান;
- গবাদি পশু ও হাঁস-মুরগির নমুনা (গোবর, রক্ত নমুনা পরীক্ষা ও প্রয়োজনবোধে আঞ্চলিক রোগ অনুসন্ধান গবেষণাগারে প্রেরণ করা);
- গবাদি পশু ও হাঁস-মুরগির টিকাবীজ সরবরাহ /বিক্রয়;
- উন্নতজাতের ঘাসের কাটিং বীজ সরবরাহ (প্রাপ্তি সাপেক্ষে);
- প্রযুক্তি হস্তান্তরের নিমিত্তে কৃষক প্রশিক্ষণ, গবাদি পশু ও হাঁস-মুরগি পালন সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান;
- ক্ষুদ্র ঋণ বিতরণের নিমিত্তে সুফলভোগী নির্বাচন, ঋণ বিতরণ ও ঋণ আদায়;
- গবাদি পশু ও হাঁস-মুরগি রোগাক্রান্ত এলাকা পরিদর্শন/নমুনা সংগ্রহ ও রোগ নির্ণয় এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;
- ব্যক্তি মালিকাধীন গবাদি পশু ও হাঁস-মুরগির খামার স্থাপনের উদ্বুদ্ধকরণ ও রেজিস্টেশন করণের ব্যবস্থা গ্রহণ;
- প্রাকৃতিক দুর্যোগ চলাকালীন সময়ে স্থানীয় প্রশাসন, জনপ্রতিনিধি ও বেসরকারী সেবামূলক প্রতিষ্ঠানের সহযোগিতায় গবাদিপশু ও হাঁস-মুরগির জরুরী চিকিৎসা, টিকাদান ও ত্রাণ বিতরণ;
- উন্নতজাতের গবাদি পশু হাঁস-মুরগির খামারী/কৃষককে অনুদান প্রদান;
- রোগাক্রান্ত এলাকা চিহ্নিতকরণ ও প্রয়োজনীয় টিকা প্রদানের ব্যবস্থা গ্রহণ;
- কৃত্রিম প্রজনন উপকেন্দ্র /পয়েন্টে আনিত গাভী প্রজননের ব্যবস্থা গ্রহণ, গর্ভবতী গাভীর গর্ভ পরীক্ষাকরণ;
- ডিম, দুধ, মাংসের উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে জনসাধারণের কাছে আধুনিক প্রযুক্তিগত কলাকৌশল গ্রহণযোগ্য

ও জনপ্রিয় করা;

- বায়োগ্যাস প্ল্যান্ট স্থাপন ও পশুবর্জ্য প্রক্রিয়াকরণ;
- গবাদিপশু ও হাঁস-মুরগীর খামার স্থাপনে উৎসাহী উদ্যোক্তাকে আধুনিক প্রযুক্তিগত কলাকৌশলের উপর প্রশিক্ষণ প্রদান;
- পশুপাখি হতে মানুষ সংক্রামিত হতে পারে এই ধরণের রোগব্যাধি বিশেষ করে এভিয়ান, ইনফ্লুয়েঞ্জা, এইচ৫এন১ ইত্যাদি সম্পর্কে জনসাধারণকে সচেতন করা ও রোগ দমনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;
- পশুজাত খাদ্য যেন জনসাধারণের স্বাস্থ্যের জন্য হুমকি হয়ে না দাঁড়ায় সে বিষয়ে প্রশিক্ষণ প্রদান;
- কসাইখানা ও মাংস বিক্রয় স্থাপনার অবস্থা পর্যালোচনাপূর্বক পরিস্থিতি উন্নয়নের উদ্যোগ গ্রহণ;
- পশু-পাখি ও গবাদি পশুর রোগ প্রতিরোধ, প্রতিকার, নিয়ন্ত্রণ ও রোগ নির্মূলে প্রশিক্ষণ প্রদান ।



**দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাবৃন্দ:**

- উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা
- ভেটেরিনারি সার্জন

**এই বিভাগটি মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় এর অধীন**

# বিভাগের নামঃ উপজেলা কৃষি অফিস

**কার্যক্রমঃ**

- অগ্রাধিকারভিত্তিতে উচ্চমূল্য শস্য উৎপাদন ও বহুমুখীকরণ;
- সার, বীজ, সেচসহ আধুনিক কৃষি যন্ত্রপাতি সরবরাহ;
- কীটনাশকের মান নিয়ন্ত্রণ;
- উন্নত কৃষি পদ্ধতি প্রচার ও প্রসারের জন্য প্রদর্শনীর ব্যবস্থা;
- মডেল কৃষি খামার চালু ও রক্ষণাবেক্ষণ;
- ভূ-উপরিস্থিত পানির সুষ্ঠু ব্যবহার নিশ্চিতকরণে সেচ ও পানি নিষ্কাশনের জন্য খাল খনন ও পুনঃখনন;
- দানাদার ফসল, পাট, ফল ও শাকসবজীসহ অন্যান্য ফসলের উৎপাদনে প্রযুক্তিগত সহায়তা প্রদান;
- কৃষি প্রযুক্তি মেলার আয়োজন;
- বৈশ্বিক জলবায়ু পরিবর্তনে কৃষিতে বিরূপ প্রভাব মোকাবেলায় স্থানীয় পর্যায়ে উদ্যোগ গ্রহণ;
- পতিত জমি উদ্ধার ও চাষের আওতায় আনা;
- শস্য গুদাম নির্মাণ ও রক্ষণাবেক্ষণ;
- কৃষক সংগঠন নির্মাণ;
- কৃষক সেবাকেন্দ্রসমূহের গতিশীলতা আনয়ন;
- কৃষকদের প্রশিক্ষণ প্রদান;
- কৃষক প্রশিক্ষণের চাহিদা নিরূপন, চিহ্নিতকরণ ও প্রশিক্ষণ মডিউল তৈরিকরণ;

- উপজেলা পর্যায়ে আধুনিক ও টেকসই কৃষি প্রযুক্তি সম্প্রসারণে গবেষণা, সম্প্রসারণ এবং কৃষকদের সমন্বয় সাধন ।



**দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাবৃন্দঃ**

- উপজেলা কৃষি অফিসার
- অতিরিক্ত কৃষি অফিসার
- কৃষি সম্প্রসারণ অফিসার
- সহকারী কৃষি সম্প্রসারণ অফিসার
- উপসহকারী কৃষি কর্মকর্তা

**এই বিভাগটি কৃষি মন্ত্রণালয় (কৃষি সম্প্রসারণ অধিদপ্তর) এর অধীন**

# বিভাগের নামঃ উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার কার্যালয়

**কার্যক্রম:**

- গ্রামীন অবকাঠামোর সংস্কার (গ্রাঅস) ও গ্রামীন অবকাঠামো রক্ষণাবেক্ষণ;
- গুদামে নষ্ট হয়ে যাওয়া খাদ্যশস্য নিস্পত্তিকরণ;
- ইউনিয়ন পরিষদ হতে প্রাপ্ত প্রকৃত অনুগ্রাহকদের (বেনিফিশিয়ারীদের) তালিকা যাচাই/ বাছাই করা;
- ভিজিএফ/ভিজিডি কেন্দ্রের খাদ্যশস্য বিতরণ কার্যক্রম নিশ্চিতকরণ;
- বিনামূল্যে প্রদত্ত ত্রাণ সামগ্রী/অর্থ সাহায্য গ্রহণ, বিতরণ ও সংরক্ষণ;
- প্রাকৃতিক দুর্যোগ পূর্ব, দুর্যোগকালীন ও দুর্যোগ পরবর্তী সার্বিক ত্রাণ ও পুনর্বাসন কার্যক্রমে উপজেলা পরিষদকে সহায়তা প্রদান;
- হতদরিদ্রদের জন্য কর্মসৃজন কর্মসূচীর প্রকল্প গ্রহণ অনুমোদন ও বাস্তবায়ন;
- প্রাকৃতিক দুর্যোগে ক্ষয়ক্ষতির বিবরণ প্রস্তুতকরণ ।

**দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা:**

- উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা (পিআইও)

**এই বিভাগটি খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয় (ত্রাণ অধিদপ্তর) এর অধীন**

# বিভাগের নামঃ উপজেলা প্রাথমিক শিক্ষা অফিস

কার্যক্রমঃ

- বিদ্যালয় পরিদর্শন, তত্ত্বাবধান এবং গণসংযোগ কার্যক্রম নিশ্চিতকরণ;
- সমাপনী পরীক্ষার যাবতীয় কার্যক্রম সম্পাদন;
- উপজেলার বিদ্যালয়সমূহের প্রয়োজনীয় সংস্কার, মেরামত, পুনঃনির্মান সম্পর্কিত কার্যক্রম গ্রহণ;
- উপজেলার সকল বিদ্যালয়ে বিদ্যুৎ সংযোগের ব্যবস্থা গ্রহণ;
- প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় কর্তৃক গৃহীত উন্নয়ন প্রকল্পসমূহ বাস্তবায়ন;
- স্থানীয়ভাবে প্রশিক্ষণ ও পাঠদান প্রদর্শনের মাধ্যমে শিক্ষকদের পেশাগত দক্ষতা উন্নয়ন;
- সাবকাস্টার প্রশিক্ষণ কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন;
- পরিবেশ সংরক্ষণ ও উন্নয়নের লক্ষ্যে সামাজিক বনায়ন ও অন্যান্য কার্যক্রমে অংশগ্রহণ ।

দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাবৃন্দঃ

- উপজেলা শিক্ষা অফিসার
- সহকারী উপজেলা শিক্ষা অফিসার

এই বিভাগটি প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় (প্রাথমিক শিক্ষা অধিদপ্তর) এর অধীন

# বিভাগের নামঃ উপজেলা সমাজ সেবা কার্যালয়

**কার্যক্রমঃ**

- পল্লী সমাজসেবা কার্যক্রম (আরএসএস) বাস্তবায়ন;
- জনগোষ্ঠী নির্বাচনে আর্থ-সামাজিক অবস্থান নির্ধারণে জরীপ কার্য পরিচালনা;
- গ্রামের লক্ষ্য জনগোষ্ঠীকে কর্মসূচীতে অন্তর্ভূক্তকরণ এবং উন্নয়ন প্রশিক্ষণের মাধ্যমে আত্ম-কর্মসংস্থানের ব্যবস্থা গ্রহণ;
- প্রকল্প গ্রামে বিভিন্ন আর্থ-সামাজিক ও মানবসম্পদ উন্নয়নমূলক কার্যাদি বাস্তবায়ন;
- নিবন্ধিত স্থানীয় স্বেচ্ছাসেবী সমাজকল্যাণ প্রতিষ্ঠানসমূহকে এলাকার আর্থসামাজিক উন্নয়নে সম্পৃক্তকরণ;
- বিভিন্ন ধরণের প্রতিবন্ধী ব্যক্তিদের সনাক্তকরণ এবং তাদের হালনাগাদ তথ্য সংরক্ষণ;
- বয়স্ক ভাতা, অস্বচ্ছল প্রতিবন্ধী ভাতা, মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা, বিধবা ও স্বামী পরিত্যাক্তা অসহায় মহিলাদের ভাতা প্রদান;
- প্রতিবন্ধী ছাত্র-ছাত্রীদেরকে উপবৃত্তি প্রদান;
- পল্লী সমাজসেবা, কার্যক্রমের আওতায় সুদবিহীন ঋণ প্রদান;
- এসিডদগ্ধ মহিলা, ও শারীরিক প্রতিবন্ধী ব্যক্তিদের মধ্যে বিনা সুদে ঋণদান কর্মসূচী;
- আবাসন কার্যক্রমের আওতায় সাংগঠনিক কাঠামো তৈরি ও ঋণদান কর্মসূচী;
- পল্লী মাতৃকেন্দ্র হতে শুধুমাত্র মহিলাদের বিভিন্ন সুবিধা প্রদান;

- রেজীঃভূক্ত বেসরকারি এতিমখানায় ক্যাপিটেশন গ্র্যান্ড প্রদান ।



**দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা:**

- উপজেলা সমাজসেবা অফিসার

**এই বিভাগটি সমাজ কল্যাণ মন্ত্রণালয় (সমাজসেবা অধিদপ্তর) এর অধীন**

## বিভাগের নামঃ উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর

কার্যক্রমঃ

- ভিজিডি কর্মসূচী বাস্তবায়ন কার্যক্রম পরিবীক্ষণ এবং নিয়মিত পরিদর্শন;
- উন্নয়ন প্রকল্প, মহিলা প্রশিক্ষণকেন্দ্রসমূহ নিয়মিত পরিদর্শন এবং এই সংক্রান্ত সার্বিক দায়িত্ব পালন;
- উপজেলা স্বেচ্ছাসেবী মহিলা সংগঠন নিবন্ধনের জন্য সুপারিশকরণ, অনুদান বিতরণ, স্বেচ্ছাসেবী সংগঠনসমূহের নিয়মিত অডিটের ব্যবস্থাকরণ, পরিদর্শন ও প্রয়োজনীয় নির্দেশনা প্রদান;
- উপজেলা নারী ও শিশু নির্যাতন রোধকল্পে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;
- উপজেলার সংগঠিত নারী ও শিশু নির্যাতন সংক্রান্ত ঘটনার বিষয়ে আইনগত ব্যবস্থা গ্রহণ;
- উপজেলা মহিলা ও শিশুদের বিভিন্ন সমস্যা চিহ্নিতকরণ ও জনপ্রতিনিধিদের সহায়তায় তা সমাধানের ব্যবস্থা গ্রহণ;
- আবাসন প্রকল্পসহ সরকারের বিভিন্ন পুনর্বাসন ও আত্মকর্মসংস্থানমূলক কর্মসূচীতে দুঃস্থ, অসহায় ও ভূমিহীন মহিলাদের পুনর্বাসনের লক্ষ্যে পদক্ষেপ গ্রহণ;
- ভূমিহীনদের মধ্যে খাস জমি বন্দোবস্তের ক্ষেত্রে মহিলাদের সুযোগ সৃষ্টি;
- মাতৃত্বকালীন ভাতা সংক্রান্ত নীতিমালা বাস্তবায়ন ও মনিটরিং;
- দুঃস্থ, বিধবা, স্বামী পরিত্যাক্তা মহিলাদের আত্মকর্মসংস্থানের লক্ষ্যে বিভিন্ন প্রশিক্ষণ প্রদান;
- জাতীয় ও আন্তর্জাতিক দিবসে নারী ও শিশুদের যথাযথ অংশগ্রহণ নিশ্চিতকরণ;
- আন্তর্জাতিক ও আঞ্চলিক সনদ রক্ষায় এবং নারী ও শিশুদের অধিকার রক্ষায় দেশের প্রচলিত আইন ও নীতির সমন্বয় সাধন পূর্বক পরিকল্পনা বাস্তবায়ন;
- যৌতুক নিরোধ কার্যক্রম, নারী ও শিশু পাচাররোধ এবং নারীর প্রতি সকল প্রকার বৈষম্য ও সহিংসতা বন্ধে

কার্যকর পদক্ষেপ গ্রহণ;

- নির্যাতিত নারী/শিশুকে ওয়ান স্টপ ক্রাইসিস সেন্টারে প্রেরণে সহযোগিতা প্রদান;
- OCC হতে সেবাপ্রাপ্ত নারী ও শিশু যাতে পূণরায় নিগৃহীত না হয় সেদিকে লক্ষ্য রাখা ।



**দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা:**

- উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা

**এই বিভাগটি মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় এর অধীন**

## বিভাগের নামঃ উপজেলা যুব উন্নয়ন অধিদপ্তর

**কার্যক্রম:**

- প্রশিক্ষণার্থী নির্বাচনমূলক প্রশিক্ষণকেন্দ্রে প্রেরণ;
- অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ কোর্সের জন্য প্রশিক্ষণার্থী ও ট্রেডভিত্তিক প্রশিক্ষক নির্বাচন;
- স্বেচ্ছাসেবী যুব সংগঠনগুলোকে তালিকাভূক্তকরণ এবং যুব কার্যক্রমের সাথে সম্পৃক্তকরণ;
- প্রশিক্ষিত যুবকদের আত্মকর্মসংস্থান নিয়োজিতকরণে প্রকল্প গ্রহণে উদ্বুদ্ধকরণ;
- পরিবারভিত্তিক কর্মসূচীর আওতায় পরিচালিত ঋণের প্রস্তাবিত কেন্দ্র সরেজমিনে পরিদর্শন ও তদারকি;
- প্রশিক্ষত যুবক ও যুব মহিলাদের আত্মকর্মসংস্থানমূলক প্রকল্প গ্রহণে উদ্বুদ্ধকরণ এবং প্রকল্প বাস্তবায়নে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান ও এই লক্ষ্যে বার্ষিক কর্মশালা আয়োজন;
- প্রশিক্ষিত ও আত্মকর্মী যুব মহিলাদের ট্রেডভিত্তিক নাম ও ঠিকানার রেজিস্টার সংরক্ষণ;
- যুব পুরস্কার প্রদানের লক্ষ্যে সকল যুবদের যাচাই বাছাই;
- আর্থিক অনুদান/সহায়তা প্রদানের লক্ষ্যে যুব সংগঠন নির্বাচন কার্যক্রম গ্রহণ;
- জাতীয় যুব দিবস উদ্‌যাপন এবং গুরুত্বপূর্ণ সরকারি কর্মসূচী পালনে প্রয়োজনীয় সহায়তা প্রদান;
- গবাদি পশু, হাঁস-মুরগী পালন, মৎস্য চাষ, প্রাথমিক চিকিৎসা ও কৃষি বিষয়ক প্রশিক্ষণ শেষে গ্রাম্য পশু ডাক্তারদের সহযোগিতার জন্য কিট বক্স বিতরণ।

**দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা:**

- উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা

**এই বিভাগটি যুব ও ক্রীড়া মন্ত্রণালয় এর অধীন**

# বিভাগের নামঃ স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ

**কার্যক্রমঃ**

- উপজেলা পরিষদ এবং সরকার কর্তৃক অর্পিত নির্মান, উন্নয়ন, রক্ষণাবেক্ষণ এবং মেরামত কাজের পরিকল্পনা, প্রাক্কলন প্রণয়নসহ, স্কিম প্রস্তুতকরণ, তদারকি এবং কাজের গুনগত মান নিশ্চিতকরণ;
- ক্রয় কার্যক্রম পরিচালনা;
- নির্মান, উন্নয়ন, রক্ষণাবেক্ষণ ও মেরামত কাজে কারিগরী পরামর্শ ও সহায়তা প্রদান;
- প্রাথমিক শিক্ষা উন্নয়ন সম্পর্কিত অবকাঠামো এবং অন্যান্য অবকাঠামো নির্মান, উন্নয়ন ও রক্ষণাবেক্ষণ;
- ক্ষুদ্র পানি সম্পদ স্কিম যেমন- খাল খনন, বাঁধ, সেচ নালা ও পানি অবকাঠামো নির্মান;
- উপজেলা গ্রোথ সেন্টার/হাট বাজার উন্নয়ন, ইউনিয়ন পরিষদ ভবন রক্ষণাবেক্ষণ ও মেরামত;
- কার্য পরিচালনার জন্য মালামাল সংগ্রহ ও সংরক্ষণের ব্যবস্থা গ্রহণ;
- স্টোর ও মালামাল সংরক্ষণে প্রয়োজনীয় নিরাপত্তামূলক ব্যবস্থা গ্রহণ;
- সার্ভেয়ার ও কার্যসহকারীদের বিভিন্ন উন্নয়নমূলক কাজে নিয়োজিতকরণ এবং তাদের কাজ তদারকি;
- উপজেলার বিভিন্নগ্রামীন রাস্তা মেরামতকরণ কাজসহ দুঃস্থ মহিলাদের আর্থ সামাজিক উন্নয়নে কাজ করা ।

**দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাবৃন্দঃ**

- উপজেলা প্রকৌশলী, উপজেলা সহকারী প্রকৌশলী, উপসহকারী প্রকৌশলী, নক্সাকার (উপসহকারী প্রকৌশলী), সিও (Community Organizer)

**এই বিভাগটি স্থানীয় সরকার মন্ত্রণালয় (স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর) এর অধীন**

# বিভাগের নামঃ জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর

কার্যক্রমঃ

- পানি সরবরাহ ও স্যানিটেশন সংক্রান্ত উন্নয়ন কর্মপরিকল্পনা প্রণয়ন;
- সংশ্লিষ্ট উপজেলার পনির গুনাগুন পরিবীক্ষণ ও পর্যবেক্ষণ;
- পানির সরবরাহ ও স্যানিটেশন সংশ্লিষ্ট তথ্য আহরণ বিশ্লেষণ/ব্যবহার, সংরক্ষণ;
- স্যানিটারী ল্যাট্রিন নির্মান, স্থাপন, বিক্রয় কার্যক্রম তদারকিকরণ, বিক্রয়ের অর্থ সংগ্রহ;
- টিউবওয়েল স্থাপন, পুনঃনির্মান, মেরামত ও রক্ষণাবেক্ষণ;
- পানি সরবরাহ ও স্যানিটেশন সংশ্লিষ্ট যাবতীয় জরুরী সমীক্ষা, অগ্রণী প্রকল্প (Pilot Project) পরিচালনা;
- দুর্যোগকালীন সময়ে বিশুদ্ধ পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থা নিশ্চিতকরণ;
- পৌরসভায় বিশুদ্ধ পানি সরবরাহকরণ ।

দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাবৃন্দঃ

- সহকারী প্রকৌশলী
- উপসহকারী প্রকৌশলী

এই বিভাগটি স্থানীয় সরকার মন্ত্রণালয় (জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর) এর অধীন

## বিভাগের নামঃ উপজেলা পল্লী উন্নয়ন অফিস

**কার্যক্রমঃ**

- ক্ষুদ্র ও মাঝারী কৃষকগণ কৃষি সমবায় সমিতি এবং মহিলারা মহিলা সমবায় সমিতির সদস্য প্রদানকরণ;
- ক্ষুদ্র ও প্রান্তিক চাষী এবং বিত্তহীন পুরুষ ও মহিলারা যথাক্রমে পুরুষ ও মহিলা দলের সদস্যপদ প্রদানকরণ;
- গ্রামে স্থায়ীভাবে বসবাসকরণে, কায়িক পরিশ্রমের উপর নির্ভরশীল, স্থায়ী আয়ের অন্য কোন উৎস নাই, অন্য কোন সংগঠনের সাথে সম্পৃক্ত নয় বা অন্য কোন প্রতিষ্ঠানের নিকট ঋণী নয় এ রূপ ১৮ থেকে ৫৫ বছরের যে কোন পুরুষ/মহিলাকে পুরুষ ও মহিলা দলের সদস্য পদ প্রদান;
- কোন রকম জামানত ছাড়াই ২০০০ এর ক্ষুদ্র ঋণ নীতিমালার আলোকে ঋণ প্রদান;
- আয় বৃদ্ধিমূলক কর্মকান্ড বাস্তবায়নের জন্য উপকারভোগী সদস্যদের ৫,০০০ থেকে ৩০,০০০ টাকা পর্যন্ত ঋণ প্রদান, গ্রাজুয়েট সদস্যদের জন্য ১ লক্ষ টাকা পর্যন্ত;
- উপকারভোগীদের ক্ষুদ্র ক্ষুদ্র সঞ্চয় জমার মাধ্যমে নিজস্ব পুঁজি গঠন;
- সচেতনতা বর্ধক প্রশিক্ষণ (পরিবার পরিকল্পনা, স্বাস্থ্যসম্মত পায়খানা, মাতৃস্বাস্থ্য, শিশুস্বাস্থ্য ইত্যাদি);
- কৃষি উৎপাদন বৃদ্ধি ।

**দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাঃ**

- উপজেলা পল্লী উন্নয়ন অফিসার

**এই বিভাগটি এলজিআরডি ও কোঅপারেটিভ মন্ত্রণালয় (বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড) এর অধীন**

## বিভাগের নামঃ উপজেলা ভূমি অফিস

কার্যক্রমঃ

- ভূমি ব্যবস্থাপনা;
- রেকর্ড হালনাগাদ (নামকরণ, জমা ভাগ, জমা একত্রীকরণ);
- ভিপি (Vested Property) অথবা অর্পিত সম্পত্তির ব্যবস্থাপনা ও লিজ মানি আদায়;
- কৃষি খাস জমি ব্যবস্থাপনা, ভূমিহীন, দরিদ্র মুক্তিযোদ্ধা প্রভৃতি শ্রেণীর দরিদ্র জনগোষ্ঠীর মাঝে দশ শতাংশ খাস জমি বন্দোবস্ত;
- খাস জমি, আদর্শ গ্রাম, আশ্রয়ন প্রকল্প বাস্তবায়ন;
- পিআইসি-র মাধ্যমে সিভিআরপি (Climate Victim Rehabilitation Project) বাস্তবায়ন;
- আশ্রয়ন প্রকল্প (Phase – 2) বাস্তবায়ন, সেনা বাহিনীর ব্যারাক নির্মানের জন্য জমি বরাদ্দ;
- মোবাইল কোর্ট পরিচালনা;
- রেন্ট সার্টিফিকেটের মামলা দায়ের (ভূমি উন্নয়ন কর অনাদায়ে মামলা);
- অকৃষি খাস জমি বন্দোবস্ত ও ব্যবস্থাপনা (১৯৯৫ সালের নীতিমালা);
- ভূমি উন্নয়ন কর সংস্থা ও সাধারণের কাছ থেকে আদায়;
- দেওয়ানী মামলার পরিচালনার জন্য এসএফ (Statement of Facts) তদন্ত পরিচালনা;
- সায়রাত মহাল ব্যবস্থাপনা (হাট-বাজার, বালু মহাল, জল মহাল) ।

**দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা:**

- সহকারী কমিশনার ভূমি (নির্বাহী ম্যাজিস্ট্রেট), কানুনগো, সার্ভেয়ার

**এই বিভাগটি ভূমি মন্ত্রণালয় এর অধীন**



# বিভাগের নামঃ সামাজিক বনায়ন নার্সারী ও প্রশিক্ষণ কেন্দ্র

**কার্যক্রমঃ**

- জনগণের অংশগ্রহণের মাধ্যমে সামাজিক বনায়ন কার্যক্রম বাস্তবায়ন;
- সামাজিক বনায়নে অংশগ্রহণকারী, উপকারভোগী, ভূমি মালিক এবং চুক্তি অনুযায়ী অন্যান্যদের মাঝে যথা সময়ে লভ্যাংশ বিতরণ;
- সামাজিক বন সংক্রান্ত যেকোন অভিযোগ নিস্পত্তি;
- বিনামূল্যে/সরকার নির্ধারিত মূল্যে জনগণের কাছে বিতরণের জন্য বিভিন্ন প্রজাতির বনজ, ফলজ, ভেষজ চারা বিতরণ;
- সামাজিক বনায়নে অংশগ্রহণকারী/স্থানীয় জনপ্রতিনিধি/সরকারি, বেসরকারি বিভিন্ন সংস্থার কর্মকর্তা/কর্মাচারীদের সামাজিক বনায়ন ও নার্সারী কার্যক্রম সম্পর্কে প্রশিক্ষণ প্রদান;
- বনজ দ্রব্য বিক্রয়;
- বন্য প্রাণী লালন পালনের পজিশন সার্টিফিকেট প্রদান;
- সামাজিক বনায়ন সংক্রান্ত যে কোন পরামর্শ প্রদান;
- পরিবেশ ও প্রতিবেশের ভারসাম্য রক্ষা;
- বন, জীব বৈচিত্র্য ও বন্য প্রাণী সংক্রান্ত আন্তর্জাতিক কনভেনশন চুক্তি, প্রটোকল এর বিধিবিধান অনুসরণ ও বাস্তবায়ন;
- বন্য প্রাণী সংরক্ষণ ও ব্যবস্থাপনা;
- জীবন বৈচিত্র্য সংরক্ষণ;
- ইকো ট্যুরিজন সম্প্রসারণ;

বৃক্ষ রোপণে প্রধানমন্ত্রী জাতীয় পুরস্কার প্রদানের কার্যক্রম বাস্তবায়ন;



- বন্যপ্রাণী সংরক্ষণে অবদানের জন্য বঙ্গবন্ধু জাতীয় পুরস্কার প্রদানের কার্যক্রম বাস্তবায়ন;
- বৃক্ষ রোপণ আন্দোলন ও বৃক্ষ মেলা উৎযাপন;
- জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাব মোকাবেলায় বৃক্ষ রোপণের ভূমিকা বিষয়ে ব্যাপক জনগণকে প্রশিক্ষণ প্রদান;
- বিশেষ দিবস উদ্‌যাপন;
- জলবায়ু স্থিতিস্থাপক বনায়ন, নতুন বন সৃজন, বন সম্পদ আহরণ ও সরবরাহ;
- ভূমি ভিত্তিক উৎপাদন ব্যবস্থার স্থিতিস্থাপকতা;
- প্রাকৃতিক ও আর্থ সামাজিক অবস্থার উন্নয়ন;
- বন ও সামাজিক বনায়ন কার্যক্রম সম্প্রসারণ;
- অভয়ারন্য, ন্যাশনাল পার্ক, বোটানিক্যাল গার্ডেন ইকো পার্ক, সাফারী পার্ক প্রভৃতিসহ সকল প্রটেক্টেড এরিয়ার সুষ্ঠু ব্যবস্থাপনা ।

**দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা:**

- রেঞ্জ অফিসার, ফরেস্টার, মালি, বন প্রহরী

**এই বিভাগটি পরিবেশ ও বন মন্ত্রণালয় (বন অধিদপ্তর) এর অধীন**

# বিভাগের নামঃ উপজেলা সমবায় সমিতি

**কার্যক্রমঃ**

- সমবায় সমিতি আইন ২০০১ (সংশোধিত ২০০২) ও সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ মোতাবেক আইনগত সেবাপ্রদান;
- সমিতি ব্যবস্থাপনা, অডিট, পরিদর্শন ও অপসারণ কমিটি গঠন;
- প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ সেবা;
- সমবায় সমিতি গঠনে কোর্স পরিচালনা ও তথ্য প্রদান;
- অপ্রাতিষ্ঠানিক সেবা প্রদান;
- সমিতির সদস্যদের সহজ শর্তে ঋণ প্রদান;
- আবাসন প্রকল্প বাস্তবায়ন;
- আদর্শ গ্রাম প্রকল্প বাস্তবায়ন;
- আশ্রয়ন প্রকল্প বাস্তবায়ন।

**দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাঃ**

- উপজেলা সমবায় অফিসার

**এই বিভাগটি স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় এর অধীন**

# বিভাগের নামঃ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স

**কার্যক্রমঃ**

- অগ্নি দুর্ঘটনাগ্রস্তদের উদ্ধার ও আহতদের প্রাথমিক চিকিৎসা প্রদান;
- ফায়ার লাইসেন্স (অগ্নি দুর্ঘটনা প্রতিরোধমূলক পরামর্শ সেবা);
- বহুতল বাণিজ্যিক ভবনের ছাড়পত্র প্রদান;
- এ্যাম্বুলেন্স সার্ভিস;
- প্রতিরোধমূলক, মহড়া, পরামর্শ ও প্রশিক্ষণ;
- অগ্নি নির্বাপন কার্যক্রম পরিচালনা ।

**দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাঃ**

- সহকারী পরিচালক
- উপসহকারী পরিচালক
- সিনিয়র স্টেশন অফিসার

**এই বিভাগটি স্বরাষ্ট্র মন্ত্রণালয় এর অধীন**

## বিভাগের নামঃ উপজেলা তথ্য দপ্তর

কার্যক্রমঃ

- সরকারের কর্মসূচী ও নীতি সম্পর্কে দেশের শহর ও পল্লী এলাকায় প্রচার কার্যক্রম বাস্তবায়ন এবং তাতে তৃণমূল পর্যায়ে বসবাসরত জনগণকে সম্পৃক্তকরণ;
- দেশের অনগ্রসর জনগোষ্ঠীকে উন্নয়ন প্রক্রিয়ায় সম্পৃক্ত করার লক্ষ্যে উপজেলা, ইউনিয়ন ও গ্রাম পর্যায়ে বিষয়ভিত্তিক মহিলা সমাবেশ, কর্মশালা, আলোচনা সভা, কমিউনিটি সভা ও সেমিনার আয়োজন;
- দেশের প্রত্যন্ত অঞ্চলে বিষয়ভিত্তিক চলচ্চিত্র প্রদর্শন ও লোকসংগীত পরিবেশনের মাধ্যমে জনগণকে উদ্বুদ্ধকরণ;
- জনস্বার্থ সংশ্লিষ্ঠ বিভিন্ন বিষয়ে জনগণকে অবহিত করতে মাইকিং এর মাধ্যমে সুনির্দিষ্ট কথামালা ও শ্লোগান প্রচার;
- সমসাময়িক সামাজিক সাংস্কৃতি অর্থনৈতিক আইন শৃংখলা ইত্যাদির বিষয়ের উপর দেশের জনগণের প্রতিক্রিয়া জনমত আকারে সরকারের নিকট উপস্থাপন;
- ভোটার তালিকা প্রণয়নে জনসাধারণের করণীয় বিষয়সমূহ জাতীয় ও স্থানীয় সরকার নির্বাচনে নির্বাচনী আচরণে বিধি প্রচার ও ভোট দানে জনগণকে উদ্বুদ্ধকরণ;
- অশ্লীল ও সেন্সরবিহীন চলচ্চিত্র প্রদর্শন প্রতিরোধে নিয়মিত সিনেমা হলে পরিদর্শন;
- সরকারের বিভিন্ন গুরুত্বপূর্ণ নীতি সম্পর্কিত পোস্টার, স্টিকার, লিফলেট ও প্রচার পুস্তিকা দেশব্যাপী বিতরণ ও স্থাপন;
- সরকারের উন্নয়নমূলক কার্যক্রম এবং জরুরী ও তাৎক্ষণিক ঘটনাবলীর উপর সংবাদ প্রস্তুত করে বিভিন্ন

মিডিয়ায় প্রচারের ব্যবস্থা;

- সরকারি-বেসরকারি আন্তর্জাতিক সংস্থা ও স্থানীয় প্রেসের সাথে সমন্বয় সাধন।




**দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা:**

- তথ্য অফিসার/সহকারী তথ্য অফিসার

**এই বিভাগটি গণযোগাযোগ ও তথ্য মন্ত্রণালয় এর অধীন**

## বিভাগের নামঃ উপজেলা নির্বাচন শাখা

**কার্যক্রম:**

- স্থানীয় ও জাতীয় নির্বাচন পরিচালনা করা;
- জাতীয় পরিচয়পত্র ইস্যু ও বিতরণ;
- ভোটার তালিকা প্রণয়ন;
- সংসদ নির্বাচনের জন্য সীমানা নির্ধারণ করা ।

**দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা:**

- উপজেলা নির্বাচন অফিসার

**এই বিভাগটি নির্বাচন কমিশন এর অধীন**

## বিভাগের নামঃ ইউনিয়ন পরিষদ

**কার্যক্রমঃ**

- পাঁচশালা ও বিভিন্ন মেয়াদী উন্নয়ন পরিকল্পনা তৈরী;
- পল্লী অবকাঠামো উন্নয়ন, সংরক্ষণ ও রক্ষণাবেক্ষণ;
- শিক্ষা এবং প্রাথমিক ও গণশিক্ষা কার্যক্রম সম্পর্কিত;
- স্বাস্থ্য, পরিবার পরিকল্পনা সম্পর্কিত কার্যক্রম বাস্তবায়ন;
- কৃষি, মৎস্য ও পশুসম্পদ ও অন্যান্য অর্থনৈতিক উন্নয়নে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ;
- মহামারী নিয়ন্ত্রণ ও দুর্যোগ ব্যবস্থাপনায় প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ;
- কর, ফি, টোল, ফিস ইত্যাদি ধার্যকরণ ও আদায়;
- পারিবারিক বিরোধ নিরোসন, নারী ও শিশুকল্যাণ সম্পর্কিত প্রয়োজনীয় কার্যক্রম সম্পাদন;
- খেলাধুলা, সামাজিক উন্নতি সংস্কৃতি ইত্যাদি কার্যক্রমে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ ও সহযোগীতা প্রদান;
- পরিবেশ উন্নয়ন ও সংরক্ষণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;
- আইন শৃংখলা রক্ষায় সরকারের অর্পিত দায়িত্ব পালন ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ;
- জন্ম-মৃত্যু নিবন্ধীকরণ;
- সরকারি স্থান, উন্মুক্ত জায়গা, উদ্যান ও খেলার মাঠের হেফাজত করা;
- ইউনিয়ন পরিষদের রাস্তায় ও সরকারী স্থানে বাতি জ্বালানো;
- বৃক্ষরোপণ ও সংরক্ষণ এবং বৃক্ষসম্পদ চুরি ও ধ্বংস প্রতিরোধ;
- কবরস্থান, শ্মশান, জনসাধারণের সভার স্থান ও অন্যান্য সরকারী সম্পত্তির রক্ষণাবেক্ষণ ও পরিচালনা;
- জনপথ, রাজপথ ও সরকারি স্থানে অনধিকার প্রবেশ রোধ এবং এইসব স্থানে উৎপাত ও তার কারণ বন্ধ করা;

- জনপথ ও রাজপথের ক্ষতি, বিনষ্ট বা ধ্বংস প্রতিরোধ করা;
- গোবর ও রাস্তার আবর্জনা সংগ্রহ, অপসারণ ও ব্যবস্থাপনা নিশ্চিত করা;
- অপরাধমূলক ও বিপজ্জনক ব্যবসা নিয়ন্ত্রণ;
- মৃত পশুর দেহ অপসারণ ও নিয়ন্ত্রণ এবং পশু জবাই নিয়ন্ত্রণ;
- ইউনিয়নের নতুন বাড়ি, দালান নির্মান ও পুনঃনির্মান এবং বিপজ্জনক দালান নিয়ন্ত্রণ;
- কুয়া, পানি তোলার কল, জলাধার, পুকুর এবং পানি সরবরাহের অন্যান্য উৎসের ব্যবস্থাপনা ও সংরক্ষণ;
- খাবার পানির উৎসের দূষণ রোধ এবং জনস্বাস্থ্যেও জন্য ক্ষতিকর সন্দেহযুক্ত কূপ, পুকুর বা পানি সরবরাহের অন্যান্য স্থানের পানি ব্যবহার নিষিদ্ধ করা;
- খাবার পানির জন্য সংরক্ষিত কূপ, পুকুর বা পানি সরবরাহের অন্যান্য স্থানে বা নিকটবর্তী স্থানে গোসল, কাপড় কাঁচা বা পশু গোসল করানো নিষিদ্ধ বা নিয়ন্ত্রণ করা;
- পুকুর বা পানি সরবরাহের অন্যান্য স্থানে বা নিকটবর্তী স্থানে শন, পাট বা অন্যান্য গাছ ভিজানো নিষিদ্ধ করা;
- আবাসিক এলাকার মধ্যে চামড়া রং করা বা পাকা করা নিষিদ্ধ বা নিয়ন্ত্রণ করা;
- আবাসিক এলাকায় মাটি খনন করিয়া পাথর বা অন্যান্য বস্তু উত্তোলন নিষিদ্ধ বা নিয়ন্ত্রণ করা;
- আবাসিক এলাকায় ইট, মাটির পাত্র বা অন্যান্য ভাটি নির্মাণ নিষিদ্ধ বা নিয়ন্ত্রণ করা;
- অগ্নি, বন্যা, শিলাবৃষ্টিসহ ঝড়, ভূমিকম্প বা অন্যান্য প্রাকৃতিক দুর্যোগ মোকাবিলায় প্রয়োজনীয় তৎপরতা গ্রহণ ও সরকারকে সার্বক্ষণিক সহায়তা প্রদান;
- বিধবা, এতিম, গরীব ও দুঃস্থ ব্যক্তিদের তালিকা সংরক্ষণ ও সাহায্য করা;
- সমবায় আন্দোলন ও গ্রামীন শিল্পের উন্নয়ন ও উৎসাহ প্রদান;
- গবাদি পশুর খোয়ার নিয়ন্ত্রণ ও রক্ষণাবেক্ষণের ব্যবস্থা করা;
- প্রাথমিক চিকিৎসা কেন্দ্রের ব্যবস্থা করা;

- ইউনিয়নের বাসিন্দাদের নিরাপত্তা, আরাম-আয়েশ বা সুযোগ সুবিধার জন্য প্রয়োজনীয় অন্যান্য ব্যবস্থা গ্রহণ;
- ই-গভর্ণেন্স চালু ও উৎসাহিতকরণ;
- ইউনিয়ন পরিষদের সদৃশ কাজে নিয়োজিত সংস্থার সাথে সহযোগিতা সম্প্রসারণ;
- সরকার কর্তৃক সময়ে সময়ে আরোপিত দায়িত্বাবলী ।



## ইউনিয়ন পরিষদে হস্তান্তরিত সরকারি কর্মকর্তা ও কর্মচারীদের তালিকা:

| ক্রম | মন্ত্রণালয়/বিভাগের নাম | ইউনিয়ন পরিষদের নিকট হস্তান্তরযোগ্য সরকারের দপ্তর ও কার্যাবলী |
|---|---|---|
| ০১ | স্থানীয় সরকার বিভাগ | স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের অধীনস্ত উপ-সহকারী প্রকৌশলী, জনবল ও তাদের কার্যাবলী |
| | | জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের অধীনস্থ টিউবওয়েল মেকানিক, জনবল ও তাদের কার্যাবলী |
| ০২ | কৃষি মন্ত্রণালয় | কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের অধীনস্থ উপ-সহকারী কৃষি সম্প্রসারণ কর্মকর্তা, জনবল ও তাদের কার্যাবলী |
| ০৩ | স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় | স্বাস্থ্য অধিদপ্তরের অধীনস্থ স্বাস্থ্য পরিদর্শক এবং সহকারী স্বাস্থ্য পরিদর্শক, জনবল ও তাদের কার্যাবলী |
| | | পরিবার পরিকল্পনা অধিদপ্তরের অধীনস্থ পরিবার কল্যাণ পরিদর্শক ও পরিবার কল্যাণ সহকারী, জনবল ও তাদের কার্যাবলী |

| ক্রম | মন্ত্রণালয়/বিভাগের নাম | ইউনিয়ন পরিষদের নিকট হস্তান্তরযোগ্য সরকারের দপ্তর ও কার্যাবলী |
|---|---|---|
| ০৪ | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় | প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের অধীনস্থ সহকারী শিক্ষা কর্মকর্তা, জনবল ও তাদের কার্যাবলী |
| ০৫ | মৎস্য ও পশু সম্পদ মন্ত্রণালয় | মৎস্য ও পশু সম্পদ অধিদপ্তরের অধীনস্থ ভেটেরেনারী ফিল্ড এসিসট্যান্ট এবং ভেটেরেনারী ফিল্ড এসিস্ট্যান্ট (কৃত্রিম প্রজনন), জনবল ও তাদের কার্যাবলী |
| ০৬ | সমাজকল্যাণ মন্ত্রণালয় | সমাজসেবা অধিদপ্তরের অধীনস্থ ইউনিয়ন সমাজকর্মী, জনবল ও তাদের কার্যাবলী |
| ০৭ | স্বরাষ্ট্র মন্ত্রণালয় | আনসার ও ভিডিপি অধিদপ্তরের অধীনস্থ ইউনিয়ন দলনেতা, জনবল ও তাদের কার্যাবলী |

**এই বিভাগটি এলজিআরডি ও কোঅপারেটিভ মন্ত্রণালয় (বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড) এর অধীন**

# একনজরে সেবা তথ্যসমূহ

## (উপজেলা পর্যায়ের বিভিন্ন সরকারী সেবাদানকারী সংস্থা ও তাদের সেবাসমূহ)

| ক্রম. | সেবার নাম | কার সাথে যোগাযোগ করবেন | কোথায় যাবেন |
|---|---|---|---|
| ১ | আপদকালীন ও জরুরী পরিস্থিতি মোকাবেলায় প্রয়োজনীয় সমন্বয় সাধন | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স |
| ২ | বিশেষায়িত জ্ঞান ও দক্ষতার সংশ্লিষ্ট ক্ষেত্রে ক্লিনিক্যাল মতামত ও পরামর্শ প্রদান | জুনিয়র কনসালটেন্ট (মেডিসিন/সার্জারী/গাইনী) | |
| ৩ | অন্তঃবিভাগ, বহিঃবিভাগ ও জরুরী বিভাগে যথাযথ চিকিৎসা ও সেবা প্রদান | অব্স/চক্ষু/ইএনটি/অর্থো/শিশু/কার্ডিওলজি | |
| ৪ | হাসপাতালে নারী, শিশু, দরিদ্র জনগোষ্ঠী ও প্রতিবন্ধী ব্যক্তিদের চিকিৎসার অনুকূল পরিবেশ নিশ্চিতকরণ | আবাসিক মেডিকেল অফিসার | |
| ৫ | হাসপাতালের রোগীদের খাদ্য সরবরাহ | | |
| ৬ | অপারেশনের রোগীদের চেকআপ এবং রোগীদের এনেসথেসিয়া প্রদান | জুনিয়র কনসালটেন্ট (এনেসথেসিয়া) | |
| ৭ | বহিঃবিভাগ, জরুরী বিভাগ ও অন্তঃবিভাগ রোগীদের যথাযথ চিকিৎসা সেবা নিশ্চিতকরণ | মেডিকেল অফিসার | |
| ৮ | দন্ত চিকিৎসা নিশ্চিতকরণ | ডেন্টাল সার্জন | |

| ক্রম. | সেবার নাম | কার সাথে যোগাযোগ করবেন | কোথায় যাবেন |
|---|---|---|---|
| ৯ | বৃক্ষরোপন, নিরক্ষতা দূরীকরণ, হাঁস-মুরগী ও ছাগল পালন, বাল্য বিবাহ রোধকল্পে আইইসি কর্মসূচী প্রণয়ন ও বাস্তবায়ন | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা | উপজেলা পরিবার পরিকল্পনা অফিস |
| ১০ | সংক্রামক ব্যাধি, এইডস, এসটিডি, আরটিআই, যক্ষা, কুষ্ঠ প্রভৃতি রোগ সম্পর্কে শিক্ষা প্রদান | | |
| ১১ | প্রসব - পূর্ব, প্রসবকালীন ও প্রসবত্তোর মায়েদের সেবাদান | মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি) | |
| ১২ | ঝুঁকিপূর্ণ গর্ভবতী মা ও শিশু এবং পরিকল্পনা গ্রহীতাদের জটিলতার চিকিৎসা প্রদান | | |
| ১৩ | গর্ভবতী মা ও শিশুদের খাবার, পরিচর্যা, শিশুস্বাস্থ্য সেবা প্রভৃতি বিষয়ে পরামর্শ প্রদান নিশ্চিতকরণ | সিনিয়র পরিবার কল্যাণ পরিদর্শিকা | |
| ১৪ | অগ্রাধিকারভিত্তিতে উচ্চমূল্য শস্য উৎপাদন ও বহুমুখীকরণসহ বাণিজ্যিক কৃষি উন্নয়নে স্থানীয় কার্যক্রম পরিচালনা | উপজেলা কৃষি অফিসার | উপজেলা কৃষি অফিস |
| ১৫ | উন্নত কৃষি পদ্ধতির প্রচার ও প্রসারের জন্য প্রদর্শনীর ব্যবস্থা করা | | |
| ১৬ | কৃষক সংগঠন তৈরী ও উন্নয়নে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ | | |
| ১৭ | শস্য উৎপাদন, সংরক্ষণ, সেচ ও মাটি ব্যবস্থাপনা | কৃষি সম্প্রসারণ অফিসার | |

| ক্রম. | সেবার নাম | কার সাথে যোগাযোগ করবেন | কোথায় যাবেন |
|---|---|---|---|
| ১৮ | মৎস্য চাষ সম্প্রসারণ কার্যক্রম সম্পর্কিত সেবা প্রদান | উপজেলা মৎস্য কর্মকর্তা | উপজেলা মৎস্য অফিস |
| ১৯ | মৎস্য চাষ সম্প্রসারণ ও মৎস্য উন্নয়নে উপকরণ সরবরাহ ও ঋণ প্রদান | | |
| ২০ | মাছের উৎপাদন, বাজারজাতকরণ ও পরিবহনে সার্বিক পরিকল্পনা প্রণয়ন | | |
| ২১ | পশু-পাখির টিকা প্রয়োগ ও রোগজীবাণু নির্ণয় | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা | উপজেলা প্রাণীসম্পদ কার্যালয় |
| ২২ | প্রশিক্ষণ প্রদান | | |
| ২৩ | পশু-পাখি পালনের জন্য জনসাধারণের ঋণ প্রাপ্তির সুযোগ সৃষ্টিতে সহায়তা প্রদান | | |
| ২৪ | গবাদি পশু ও হাঁস মুরগীর খামার স্থাপনে উৎসাহী উদ্যোক্তাকে আধুনিক প্রযুক্তিগত কলা-কৌশলের উপর প্রশিক্ষণ প্রদান | | |
| ২৫ | পশু-পাখি হতে মানুষে সংক্রমিত হতে পারে এই ধরণের রোগব্যাধি সম্পর্কে জনসাধারণকে সচেতন করা এবং তা দমনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা | ভেটেরিনারি সার্জন | |
| ২৬ | রোগ জীবানু নির্ণয় | | |

| ক্রম. | সেবার নাম | কার সাথে যোগাযোগ করবেন | কোথায় যাবেন |
|---|---|---|---|
| ২৭ | ভিজিএফ/ভিজিডি কেন্দ্রের খাদ্যশস্য বিতরণ কার্যক্রম | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| ২৮ | বিনামূল্যে প্রদত্ত ত্রাণসামগ্রী/অর্থ সাহায্য গ্রহণ, বিতরণ ও সংরক্ষণ | | |
| ২৯ | প্রাকৃতিক দুর্যোগে ক্ষয়ক্ষতির বিবরণ প্রস্তুত | | |
| ৩০ | ছাত্র-ছাত্রীদের পাঠ্যপুস্তকের চাহিদা প্রণয়ন, গ্রহণ ও বিতরণ | সংশ্লিষ্ট কর্মকর্তা | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিস |
| ৩১ | শিক্ষকদের পেশাগত দক্ষতা উন্নয়ন | | |
| ৩২ | প্রতিবন্ধী ব্যক্তিদের সনাক্তকরণ ও হালনাগাদ তথ্য সংরক্ষণ | সংশ্লিষ্ট কর্মকর্তা | উপজেলা সমজাসেবা কার্যালয় |
| ৩৩ | প্রতিবন্ধী ভাতা, মুক্তিযোদ্ধা ভাতা, বিধাব ও স্বামী পরিত্যাক্তা অসহায় মহিলাদের ভাতা প্রদান | | |
| ৩৪ | প্রতিবন্ধী ছাত্র-ছাত্রীদেরকে উপবৃত্তি প্রদান | | |
| ৩৫ | এসিডদগ্ধ মহিলা ও প্রতিবন্ধী ব্যক্তিদের মধ্যে বিনা সুদে ঋণদান কর্মসূচী | | |
| ৩৬ | এতিমখানায় ক্যাপিটেশ গ্রান্ড প্রদান | | |

| ক্রম. | সেবার নাম | কার সাথে যোগাযোগ করবেন | কোথায় যাবেন |
|---|---|---|---|
| ৩৭ | নারী ও শিশু নির্যাতন সংক্রান্ত ঘটনার বিষয়ে আইনগত ব্যবস্থা গ্রহণ | সংশ্লিষ্ট কর্মকর্তা | উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর |
| ৩৮ | মাতৃত্বকালীন ভাতা সংক্রান্ত নীতিমালা বাস্তবায়ন | | |
| ৩৯ | আত্মকর্মসংস্থানের লক্ষ্যে বিভিন্ন প্রশিক্ষণ প্রদান | | |
| ৪০ | যৌতুক নিরোধ কার্যক্রম | | |
| ৪১ | আত্মকর্মসংস্থানমূলক প্রশিক্ষণ | সংশ্লিষ্ট কর্মকর্তা | উপজেলা যুব উন্নয়ন অধিদপ্তর |
| ৪২ | খাল খনন, বাঁধ, সেচ নালা ও পানি অবকাঠামো নির্মান | সংশ্লিষ্ট কর্মকর্তা | স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ |
| ৪৩ | হাট বাজার উন্নয়ন, রক্ষণাবেক্ষণ ও মেরামত | | |
| ৪৪ | প্রাথমিক শিক্ষা উন্নয়ন সম্পর্কিত অবকাঠামো নির্মান | | |
| ৪৫ | পানির গুণাগুণ পরিবীক্ষণ ও পর্যবেক্ষণ | সংশ্লিষ্ট কর্মকর্তা | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর |
| ৪৬ | স্যানিটারী ল্যাট্রিন নির্মাণ, স্থাপন | | |
| ৪৭ | টিউবয়েল স্থাপন, পুনঃনির্মান, মেরামত ও রক্ষণাবেক্ষণ | | |
| ৪৮ | দুর্যোগকালীন সময়ে বিশুদ্ধ পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থা নিশ্চিতকরণ | | |

| ক্রম. | সেবার নাম | কার সাথে যোগাযোগ করবেন | কোথায় যাবেন |
|---|---|---|---|
| ৪৯ | জামানতবিহীন ঋণ প্রদান | সংশ্লিষ্ট কর্মকর্তা | উপজেলা পল্লী উন্নয়ন অফিস |
| ৫০ | সঞ্চয় জমার মাধ্যমে নিজস্ব পুঁজি গঠন | | |
| ৫১ | সচেতনতা বর্ধক প্রশিক্ষণ | | |
| ৫২ | ভূমি ব্যবস্থাপনা | সংশ্লিষ্ট কর্মকর্তা | উপজেলা ভূমি অফিস |
| ৫৩ | অর্পিত সম্পত্তির ব্যবস্থাপনা | | |
| ৫৪ | অকৃষি খাস জমি বন্দোবস্ত ও ব্যবস্থাপনা | | |
| ৫৫ | হাট-বাজার, বালু মহাল, জল মহাল ব্যবস্থাপনা | | |
| ৫৬ | সামাজিক বন সংক্রান্ত যে কোন অভিযোগ নিষ্পত্তি | সংশ্লিষ্ট কর্মকর্তা | উপজেলা বনায়ন কেন্দ্র |
| ৫৭ | পরিবেশ ও প্রতিবেশের ভারসাম্য রক্ষা | | |
| ৫৮ | বৃক্ষ রোপন আন্দোলন ও বৃক্ষ মেলা উদ্‌যাপন | | |
| ৫৯ | প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ সেবা | সংশ্লিষ্ট কর্মকর্তা | উপজেলা সমবায় সমিতি |
| ৬০ | সমিতির সদস্যদের সহজ শর্তে ঋণ প্রদান | | |
| ৬১ | আবাসন প্রকল্প বাস্তবায়ন | | |
| ৬২ | আদর্শ গ্রাম প্রকল্প বাস্তবায়ন | | |
| ৬৩ | আশ্রয়ন প্রকল্প বাস্তবায়ন | | |

| ক্রম. | সেবার নাম | কার সাথে যোগাযোগ করবেন | কোথায় যাবেন |
|---|---|---|---|
| ৬৪ | অগ্নি দুর্ঘটনাগ্রস্তদের উদ্ধার | সংশ্লিষ্ট কর্মকর্তা | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স |
| ৬৫ | অগ্নি নির্বাপন | | |
| ৬৬ | বিষয়ভিত্তিক মহিলা সমাবেশ, কর্মশালা, আলোচনা সভা, কমিউনিটি সভা ও সেমিনার আয়োজন | সংশ্লিষ্ট কর্মকর্তা | উপজেলা তথ্য দপ্তর |
| ৬৭ | বিষয়ভিত্তিক চলচ্চিত্র প্রদর্শন | | |
| ৬৮ | অশ্লীল ও সেন্সরবিহীন চলচ্চিত্র প্রদর্শন প্রতিরোধে নিয়মিত সিনেমা হলে পরিদর্শন | | |
| ৬৯ | ভোটার তালিকা প্রণয়ন | সংশ্লিষ্ট কর্মকর্তা | উপজেলা নির্বাচন শাখা |
| ৭০ | জাতীয় পরিচয়পত্র ইস্যু ও বিতরণ | | |
| ৭১ | সংসদ নির্বাচনের জন্য সীমানা নির্ধারণ | | |

## তথ্যসুত্রঃ

- প্রজ্ঞাপন: স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
  স্মারক নং: স্থাসবি/উপ-২/সি-৪/২০০৯/১৪২২
  তারিখ: ১৭-০৬-২০১০খ্রিঃ
- উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কার্যালয়, ফরিদপুর সদর উপজেলা, ফরিদপুর
- উপজেলা কৃষি অফিস, ফরিদপুর সদর উপজেলা, ফরিদপুর
- উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর, ফরিদপুর সদর উপজেলা, ফরিদপুর
- উপজেলা সামাজিক বনায়ন কেন্দ্র, ফরিদপুর সদর উপজেলা, ফরিদপুর
- ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ফরিদপুর সদর উপজেলা, ফরিদপুর
- উপজেলা পরিবার পরিকল্পনা অফিস, ফরিদপুর সদর উপজেলা, ফরিদপুর
- উপজেলা মৎস্য অফিস, ফরিদপুর সদর উপজেলা, ফরিদপুর
- উপজেলা প্রাণিসম্পদ দপ্তর, ফরিদপুর সদর উপজেলা, ফরিদপুর
- উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ বিভাগ, ফরিদপুর সদর উপজেলা, ফরিদপুর
- উপজেলা প্রাথমিক শিক্ষা অফিস, ফরিদপুর সদর উপজেলা, ফরিদপুর
- উপজেলা সমাজসেবা কার্যালয়, ফরিদপুর সদর উপজেলা, ফরিদপুর
- উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর, ফরিদপুর সদর উপজেলা, ফরিদপুর
- উপজেলা যুব উন্নয়ন অধিদপ্তর, ফরিদপুর সদর উপজেলা, ফরিদপুর
- উপজেলা স্থানীয় সরকার ও প্রকৌশল বিভাগ, ফরিদপুর সদর উপজেলা, ফরিদপুর
- উপজেলা জনস্বাস্থ্য ও প্রকৌশল উপবিভাগ, ফরিদপুর সদর উপজেলা, ফরিদপুর
- উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ, ফরিদপুর সদর উপজেলা, ফরিদপুর
- উপজেলা নির্বাচন শাখা, ফরিদপুর সদর উপজেলা, ফরিদপুর
- সংশ্লিষ্ট বিভাগের ওয়েবসাইট থেকে সিটিজেন চার্টার্ড থেকে প্রাপ্ত

# সেবা তথ্য

(কোথায় গেলে কি সেবা পাবেন)



প্রকাশনা : বাংলাদেশ ডিজাস্টার প্রিপেয়ার্ডনেস সেন্টার
বাড়ি ১৫এ, সড়ক ৮, গুলশান ১, ঢাকা-১২১২
ফোন: ৯৮৮০৫৭৩, ৮৮১৯৭১৮; ফ্যাক্স: ৯৮৬২১৬৯
ই-মেইল: info@bdpc.org.bd

সহযোগিতা : মানুষের জন্য ফাউন্ডেশন